দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

## বিইউতে মতবিনিময়সভা

# জঙ্গীবাদ রুখতে শিক্ষার্থীদের ওপর নজরদারি বাড়াতে হবে

বাংলাদেশ ইউনিভার্সিটি (বিইউ) অডিটরিয়ামে বুধবার 'সন্ত্রাসের বিরুদ্ধে শান্তি সমাবেশ ও মতবিনিময় সভা' অনুষ্ঠিত হয়েছে। সভায় বক্তারা, জঙ্গী ও সন্ত্রাসবাদ রুখতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ওপর নজরদারি বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন। সভায় প্রধান অতিথির বক্তব্যে ঢাকা-১৩ আসনের সংসদ সদস্য এ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক বলেন, জঙ্গী, সন্ত্রাসীরা পবিত্র রমজান মাসে গুলশানে হলি আর্টিজান রেস্তঁরায় ও শোলাকিয়ায় ঈদের জামাতে হামলা করেছে। হামলাকারীদের মিসগাইড করে ধর্মের অপব্যাখ্যা দিয়ে জঙ্গী বানানো হচ্ছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষার স্থান। একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ে গোলাম আযম, মতিউর রহমান নিজামীর মতো যুদ্ধাপরাধীদের ছেলেরা কিভাবে শিক্ষকতার সুযোগ পায় সে বিষয়ে বিশ্ববিদ্যালয় জবাব দিতে পারেনি। সে বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞানী তৈরি না হয়ে কিভাবে জঙ্গী তৈরি হয় তারও জবাব দিতে পারেনি। জঙ্গীবাদ এখন গণমানুষের দুশমন। দ্বিতীয়বার যেন আর্টিজান রেস্তঁরার মতো হামলা না হয় সেজন্য সকলকে একেকজন পাহারাদারের ভূমিকা পালন করতে হবে, বাড়াতে হবে নজরদারি। -বিজ্ঞপ্তি